"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।
Farouque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৯৭

তারিখ : ০৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

# লিড এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ কার্যক্রম পরিচালনা ও মোনাজ্জেম সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৮.০৩.২০২৩ তারিখের ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৭৫ নং বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যবস্থাপনায় ২০২৩ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণকারী হজ এজেন্সির হজযাত্রীর সংখ্যা ৯৭ বা তদূর্দ্ধ সে সব এজেন্সিকে ২০২৩ সনের হজের নিবন্ধন স্থানান্তর কার্যক্রমের জন্য উপযুক্ত/তালিকায় প্রকাশিত যে সব হজ এজেন্সির নিবন্ধিত ব্যক্তির সংখ্যা ৯৭ জনের কম সে সব হজ এজেন্সির সাথে পরস্পর সমঝোতা করে সমন্বয়পূর্বক হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং এর অধীনে প্রণীত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর ২৬ বিধি অনুযায়ী লীড এজেন্সি নির্ণয়করত: সমন্বয়কারী এজেন্সিসমূহের নিবন্ধিত ব্যক্তিগণকে লিড এজেন্সিতে স্থানান্তর (Transfer) করে নির্ধারিত কোটা পূরণপূর্বক নির্ধারিত কোটার সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করবে।

০২। এমতাবস্থায়, জরুরীভিত্তিতে লিড এজেন্সি নির্ধারণপূর্বক ২০২৩ সনের নিবন্ধিত হজযাত্রীদের এক এজেন্সি থেকে অন্য এজেন্সিতে স্থানান্তর সম্পন্ন করে নিম্ন ছক অনুসারে মোনাজ্জেম সংক্রান্ত তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| মোনাজ্জেমের নাম | মোনাজ্জেম নম্বর | ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| | | | | |

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতিব জরুরী।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (বিধি-২৬)।

২০.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের অনুরোধসহ)
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৭. উপসচিব (হজ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ মন্ত্রণালয়ের পক্ষে ই-হজ সিস্টেমে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করাসহ এতদসংক্রান্ত কাজে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজ পোর্টালে প্রকাশসহ কারিগরি প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৪. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার, ..................... .............. (২০২৩ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি)

১৫. অফিস কপি

২৬। **লিড এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ কার্যক্রম পরিচালনা।**- (১) একাধিক এজেন্সি নিম্নবর্ণিত শর্তাধীনে সমন্বিতভাবে হজ কার্যক্রম পরিচালনা করিতে পারিবে, যথা:-

(ক) এজেন্সিসমূহের পারস্পরিক সম্মতির ভিত্তিতে একটি লিড এজেন্সি নির্ধারণ করিতে হইবে;

(খ) লিড এজেন্সির সহিত অন্যান্য এজেন্সির নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষর করিতে হইবে;

(গ) লিড এজেন্সিকে হজ অফিস, ঢাকা এর সহিত একটি দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করিতে হইবে;

(ঘ) দফা (গ) এর অধীন চুক্তি সম্পাদনের পূর্বে লিড এজেন্সির সহিত অন্যান্য এজেন্সির মধ্যে স্বাক্ষরিত চুক্তি বা সমঝোতা স্মারক পরিচালক, হজ অফিস, ঢাকা এর নিকট পেশ করিতে হইবে; এবং

(ঙ) এজেন্সি কর্তৃক নিবন্ধনকৃত হজ পালনে ইচ্ছুক ব্যক্তির সংখ্যানুযায়ী আদায়কৃত সমুদয় অর্থ লিড এজেন্সির ব্যাংক হিসাবে স্থানান্তর করিতে হইবে এবং সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের বিবরণী হজ অফিস, ঢাকায় প্রেরণ করিতে হইবে।

(২) একাধিক হজ এজেন্সি কর্তৃক সমন্বিতভাবে হজ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে হজ পালনে ইচ্ছুক ব্যক্তির নিবন্ধন, হজ পালনে ইচ্ছুক ব্যক্তি প্রেরণ এবং হজযাত্রীদের বাংলাদেশে প্রত্যাবর্তনসহ সামগ্রিক দায়-দায়িত্ব লিড এজেন্সিকে বহন করিতে হইবে।

(৩) লিড় এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ ব্যবস্থাপনায় হজে গমনের বিষয়ে হজযাত্রীদের সম্মতিসহ প্রত্যেক হজ পালনে ইচ্ছুক ব্যক্তির সহিত এজেন্সি পৃথক পৃথক চুক্তি সম্পাদন করিবে এবং সংশ্লিষ্ট হজ এজেন্সি চুক্তির কপি হজযাত্রী ও পরিচালক, হজ অফিস, ঢাকায় সরবরাহ করিবে।